২। তোমার কাঙ্গাল তোমায় ডাকে, পড়ে বিষম ঘোর বিপাকে
ডাকে তোমারে ।
তোমার কাঙ্গালকে দেও হে দেখা, প্রাণ জুড়াই
তোমায় হেরে ।।

৩। আমি অধম ভজন বিহীন, নিজ গুণে কর দয়া,
ভজন বিহীনে ।
তুমি কাঙ্গালের বন্ধু গুরুচাঁদ, তাই জানি বাবা তোমারে ।।

৪৯ নং

তাল--একতালা রাগিনী--ভাটিয়ালী

গুরুচাঁদ আর কি দেখা পাব না তোমারে ।
ফিরে দেখ অধমেরে আমি ভাসিতেছি দুঃখ নীরে ।

১। না দেখিলে প্রাণে মরি, দেখা দাও বন্ধু হরি গো---
আমায় ভালবেসে অবশেষে কেনে ফেলে গেলে
ঘোর অন্ধকারে ।।

২। কতদূরে কোন্ দেশেতে, পাই না তোমায়
আর দেখিতে গো---
সদায় মনে চায় দেখিতে, তুমি দেখা দাও হে মোর অন্তরে ।।

৩। অন্তরঙ্গ ভক্ত যে জন, তার হৃদয় ছাড়া নওত কখন গো---
আমি প্রেম ভক্তি ধন হীন বলে,
তাইতে দেখা কি দিবে না মোরে ।।

৪। অধম নগা বলে দুঃখ নীরে, কাজ কি তোর
জীবন ধরে গো---